



ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
www.dncc.gov.bd



অবিলম্বে
সীমিত

নম্বর: ৪৬.১০.০০০০.০০৬.৯৯.০০৪.২০.৬৫

তারিখ: ৫ শ্রাবণ ১৪২৭

২০ জুলাই ২০২০

অফিস আদেশ

করোনা ভাইরাসজনিত প্রাদুর্ভাব মোকাবেলায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় গৃহীত সার্বিক কার্যক্রমে সমন্বয় সাধনের জন্য ইতোমধ্যে ডিএনসিসিতে নগর ভবনস্থ "নিয়ন্ত্রণ কক্ষ" চালু করা হয়েছে। উক্ত নিয়ন্ত্রণ কক্ষ সকাল ০৯:০০ ঘটিকা হতে ০৫:০০ ঘটিকা পর্যন্ত ০৩টি হটলাইনের ফোন রিসিভ করা এবং প্রাপ্ত তথ্য অনলাইনে এন্ট্রি করার জন্য ০৩ জন কর্মকর্তা/কর্মচারি দ্বারা রোস্টার করা আছে। সিস্টেম এনালিস্ট কন্ট্রোল রুমে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীদের মধ্যে সমন্বয় সাধন করে ডাটা এন্ট্রি নিশ্চিত করবেন।

আগামী ২২/০৭/২০২০ হতে ২৫/০৭/২০২০ পর্যন্ত নিম্নরূপভাবে নিয়ন্ত্রণে কক্ষের দায়িত্ব প্রদান করা যেতে পারে :

| ক্রম | কর্মকর্তা/কর্মচারীর নাম, পদবী ও কর্মস্থল | মোবাইল ফোন | সময় |
|------|--|-------------|--------------------|
| ১ | জনাব মোঃ সিদ্দিকুর রহমান, ব্যক্তিগত সহকারী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর/যান্ত্রিক) দপ্তর, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ | ০১৭১০৯০৮৪৫৪ | সকাল ০৯.০০টা |
| ২ | জনাব মোঃ রাসেল হাওলাদার শ্রমিক কর্মী, সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগ | ০১৯৪০০১৯১৪১ | থেকে বিকাল |
| ৩ | জনাব মোঃ হাফিজুর রহমান, উচ্ছেদ কর্মী, সম্পত্তি বিভাগ | ০১৭২৬৮১৮৭৭১ | ০৫.০০টা পর্যন্ত |

২। কন্ট্রোল রুমে দায়িত্বপ্রাপ্তদের করণীয়ঃ

ক) টেলিফোন কলের মাধ্যমে প্রাপ্ত তথ্য সংশ্লিষ্ট বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অবহিত করণ।

খ) সচেতনামূলক তথ্য / সরকারী নির্দেশাবলী ও চাহিত সেবার বিষয়ে টেলিফোনকারী ব্যক্তিকে অবহিতকরণ ও পরামর্শ প্রদান।

গ) টেলিফোনে প্রাপ্ত তথ্যাদির ডাটাবেজ সংরক্ষণ। খাদ্য সহায়তার জন্য প্রাপ্ত ফোন কলের ঠিকানাসহ বিস্তারিত তথ্য ডাটাবেজে সংরক্ষণ (কম্পিউটারের সফটওয়্যারে এন্ট্রি) এবং সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাকে অবহিতকরণ।

ঘ) অন্যান্য কন্ট্রোলরুমের সাথে সমন্বয় সাধন।

ঙ) ডিএনসিসির নিয়ন্ত্রণ কক্ষের ফোকাল পয়েন্ট কর্মকর্তা ডাঃ ইমদাদুল হককে (মোবাইল ফোন-০১৭১৫২৩৮৭৫৪) নিয়মিত অবহিত করন।

চ) ডিএনসিসির রিলিফ সংক্রান্ত বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ড. তারিক বিন ইউসুফ (মোবাইল- ০১৮১৭৫৭৮৩২৬), স্বাস্থ্য সেবা সংক্রান্ত বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ডাঃ ইমদাদুল হক (মোবাইল ফোন- ০১৭১৫২৩৮৭৫৪) এবং কবরস্থান ব্যবস্থাপনা সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব তাজিনা সারোয়ার, প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা (মোবাইল - ০১৭১৩-০৪৬৯৩২) এ নিয়মিত অবহিতকরণ।

এ অবস্থায়, উপর্যুক্ত বর্ণনার আলোকে প্রস্তাব সদয় অনুমোদন প্রদান করা যেতে পারে।



২০-৭-২০২০

রবীন্দ্রশ্রী বড়ুয়া

সচিব

নম্বর: ৪৬.১০.০০০০.০০৬.৯৯.০০৪.২০.৬৫/১(৮)

তারিখ: ৫ শ্রাবণ ১৪২৭

২০ জুলাই ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১) সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
- ২) মহা-ব্যবস্থাপক, কেন্দ্রীয় পরিবহন বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীগণকে কন্ট্রল রুমে দায়িত্ব পালনের জন্য পরিবহন সুবিধা প্রদান করবেন)
- ৩) মেয়রের একান্ত সচিব, মেয়রের দপ্তর (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
- ৪) প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫) স্বাস্থ্য কর্মকর্তা, স্বাস্থ্য বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (কন্ট্রল রুমে হ্যান্ড স্যানিটাইজার, হেল্মিসল, এরোসল, টিস্যু, এ4 সাইজ কাগজ সরবরাহের বিষয়টি নিশ্চিত করবেন)
- ৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (আদেশটি ওয়েব সাইটে প্রকাশ এবং নিয়ন্ত্রণ কক্ষের সাথে সমন্বয় করে অনলাইনে এন্ট্রি নিশ্চিতকরণ)
- ৭) সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারী, জনাব....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
- ৮) অফিস কপি।



২০-৭-২০২০

রবীন্দ্রশ্রী বড়ুয়া

সচিব